# এ্যাসাইলামের সহায়তা

বেশীরভাগ ব্যক্তিরাই যারা এদেশে এ্যাসাইলামের জন্য আসেন, তাদের বেশীরভাগ বেনিফিটগুলি পাবার যোগ্যতা থাকে না। তবে কতকগুলি ক্ষেত্রে এর ব্যতিক্টম আছে। অতএব সেই ব্যতিক্রমগুলি আপনার ক্ষেত্রে প্রযোয্য কি না সেটা খোজ নিয়ে দেখুন (রোপের/ **ROAP** ৪ নম্বর তথ্যপত্রটি দেখুন)। ওয়েলফেয়ার বেনিফিট দেওয়া হয় নগদ টাকায় এবং এ্যাসাইলাম সিকারদের জন্য অন্যান্য যে সকল সাহায্য দেওয়া হয় তাদের মধ্যে ওয়েলফেয়ার বেনিফিটের পরিমান সর্ব্বাপেক্ষা বেশী। এই সকল প্রকারের সাহায্যগুলি এই তথ্যপত্রে বর্ননা করা হয়েছে।

## আপনি এ্যাসাইলামের সহায়তা পেতে পারেন যদি:

- আপনি এ্যাসাইলামের দাবী করেছেন অথবা অন্য কোন ব্যক্তি যিনি এসাইলামের দাবী করেছেন আপনি তার উপর নির্ভরশীল এবং আপনার এসাইলামের দাবী অথবা সেই দাবী প্রত্যাখ্যানের জন্য যে আপীল করা হয়েছে সেটা এখনও নির্ধারিত হয় নি। যদি আপনি বা অন্য কেউ যার উপর আপনি নির্ভর করে আছেন তিনি হিউম্যান রাইটস্ কনভেনশনের ৩ নম্বর ধারা অনুযায়ী ইউ কে তে থাকতে চাইছেন; এবং
- আপনার বয়স ১৮ অথবা বেশী; এবং
- আপনাকে পরিত্যক্ত হিসাবে মেনে নেওয়া হয়েছে অথবা আগামী ১৪ দিনের ভিতর আপনার পরিত্যক্ত হওয়ার সম্ভাবনা

এর মানে হল হয়:

- আপনার (এবং আপনার পরিবারের) উপযুক্ত বাসস্থান যেখানে আপনারা থাকতে পারেন, তার ব্যবস্থা, অথবা আপনাদের নিজেদের জন্য উপযুক্ত বাসস্থানের ব্যবস্থা নিজে করতে পারেন সেই ক্ষমতা নেই; অথবা
- আপনাদের জীবন নির্ব্বাহের জন্য যে আর্থিক সঙ্গতির প্রয়োজন সেটা আপনার নেই। এই সাহায্য দেওয়ার সময় আপনার যদি কোন রোজগার বা সঞ্চয় থাকে অথবা অন্য কোন আয় থেকে থাকে বা অন্য কোন সাহায্য আপনি পেতে পারেন, সেগুলিরও হিসাব করা হবে।

## তবে, নিম্নলিখিতগুলি যদি আপনার ক্ষেত্রে প্রযোয্য হয় তাহলে আপনি এ্যাসাইলামের সাহায্য পাওয়া থেকে বঞ্চিত হবেন:

- আপনি ইচ্ছাকৃতভাবে পরিত্যক্ত হয়েছেন: অথবা

- আপনার ইনকাম সাপোর্ট, ইনকাম বেইসড্ জব সিকারস এ্যালাউন্স, হাউজিং বেনিফিট অথবা কাউন্সিল ট্যাক্স বেনিফিট পাওয়ার যোগ্যতা আছে; অথবা
- নাসের (NASS) আবেদন পত্র ঠিকভাবে পূরণ করেননি বা আপনার বিষয়ে আরও খোজ খবর নেওয়ার ব্যপারে তাদের সঙ্গে সহযোগীতা করেন নি; অথবা
- (আপনার কোন সন্তান যদি আপনার উপর নির্ভরশীল হয় তাহলে নীচেরগুলি আপনাখ্ব ক্ষেত্রে প্রযোয্য হবে না) আপনি ইউ কে তে আসার পর বাস্তবিকভাবে যত তাড়াতাড়ি আপনার পক্ষে এসাইলামের আবেদন করা সম্ভব ছিল সেটা আপনি করেননি এবং এর ফলে আপনাকে এ্যাসাইলামের সাহায্য না দেওয়ার ফলে মানবিক আইন (human rights) ভঙ্গ করা হবে না। আপনাকে যদি বলা হয় যে আপনি এই কারণে সাহায্য পাবেন না তাহলে আপনি অবিলম্বে উপদেশ নিন।
- আপনি কোন ইউরোপিয়ান ইকনমিক এলাকার(EEA) বাসিন্দা (কিন্তু ইউ কে তে নয়) অথবা ইউরোপিয়ান ইকনমিক এলাকার (EEA) অন্য কোন দেশে আপনাকে রেফিউজি বলে গণ্য করা হয়েছে বা মেনে নেওয়া হয়েছে।

- নোট: কোন বয়স্ক নির্ভরশীল ব্যক্তি (যেমন আপনার সঙ্গী/অংশীদার), যার জন্যও আপনি এ্যাসাইলামের সাহায্য দাবী করছেন, যদি তিনি ইউরোপিয়ান ইকনমিক এলাকার(EEA) নাগরিক হন (কিন্তু ইউ কের নন) অথবা তাকে ইউরোপিয়ান ইকনমিক এলাকার(EEA) অন্য কোন দেশে আপনাকে রেফিউজি বলে গণ্য করা হয়েছে বা মেনে নেওয়া হয়েছে, অথবা তাদের এ্যাসাইলামের আবেদন প্রত্যাখ্যান করা হয়েছে এবং তারা সেই দেশ ছেড়ে চলে যাবার ব্যপারে সহযোগীতা করছেন না, অথবা তারা এ্যাসাইলাম সিকার নন এবং এর ফলে ইউ কের ইমিগ্রেশন আইন ভঙ্গ করছেন।

## সাহায্যের জন্য কোথায় যেতে হবে

এসাইলাম সাহায্যের দুইটি পথ/পদ্ধতি আছে। একটা সাহায্য প্রদান করেন স্থানীয় কাউন্সিল এবং অন্য সাহায্য প্রদান করে থাকেন ন্যাশনাল এ্যাসাইলাম সাপোর্ট সার্ভিস (NASS)। আপনি কোন সাহায্যের জন্য আবেদন করবেন সেটা নির্ভর করে আপনি কখন এবং কোথায় সাহায্যের জন্য আবেদন করছেন।

## আপনার স্থানীয় কাউন্সিলের সাহায্যের জন্য আবেদন করা উচিৎ যদি:

- আপনি একটা বিশেষ তারিখর আগে এ্যাসাইলামের জন্য আবেদন করেছেন এবং এই আবেদন, যে বন্দর দিয়ে এদেশে প্রবেশ করেছেন, সেখানে করেননি অন্য কোথাও করেছেন। বিভিন্ন এলাকার জন্য তারিখগুলি হল বিভিন্ন। এই তারিখগুলি হল ১৭.৪.০০(কেন্ট এবং মেডওয়ে), ২৪.০.০০(লন্ডন),৩১.৭.০০(ওয়েলস, উত্তর পূর্ব ইংল্যান্ড, ইয়র্কশায়ার এবং হাম্বারসাইড), ১৪.৪.০০(উত্তর পশ্চিম ইংল্যান্ড, ইষ্ট মিডল্যান্ডস, ইংল্যান্ডের উত্তর, দক্ষিন পশ্চিম এবং দক্ষিন কেন্দ্র, ২৯.৮.০০( পশ্চিম মিডল্যান্ড এবং সাসেক্স); অথবা
- আপনার এ্যাসাইলামের আবেদন প্রত্যাখ্যান হওয়ার জন্য ২৫.৯.০০ তারিখে আপনার ইনকাম সাপোর্ট বন্ধ হয়ে গেছে (১৭.৪.০০ তারিখে কেন্টে এবং মেডওয়েতে)

## অন্যথায় আপনার নাসের (NASS) জন্য আবেদন করা উচিত

**স্থানীয় কাউন্সিলে আবেদন করার জন্য** আপনি সেই কউন্সিলের সোসাল সার্ভিস বিভাগের এ্যাসাইলাম টিমের কাছে আবেদন করা উচিৎ। আপনার সাহায্যের আবেদন যখন বিচার করা হবে, সেই সময়ের জন্য স্থানীয় কাউন্সিল আপনাকে অস্থায়ী বাসস্থান এবং অন্যান্য সাহায্য প্রদান করতে পারে।

**নাসের (NASS) কাছে আবেদন করার পদ্ধতি।** এই তথ্যপত্র লেখার সময় এই পদ্ধতোর পরিবর্ত্তনের ব্যবস্থা করা হচ্ছে (এপ্রিল ২০০৩)। আপনি সোজাসুজি নাসের (NASS) কাছে, তাদের ঠিক ঠিক আবেদন পত্র 'সম্পূর্ণ' এবং 'সঠিকভাবে' পূরণ করে, সাহায্যের জন্য আবেদন করতে পারেন। তবে আপনাকে আমরা এই কথাই বলব যে এই আবেদন করার আগে আপনি উপদেশ নিন। যখন আপনার আবেদন পত্রের বিবেচনা করা হচ্ছে, তখন যদি আপনার অস্থায়ী বাসস্থান এবং অন্যান্য সাহায্যের প্রয়োজন হয় তাহলে, আপনাকে আপনার এলাকায় ওয়ান স্টপ সার্ভিসের (One Stop Service) কাছে সাহায্যের জন্য যাওয়া উচিত। (এই তথ্যপত্রের পেছনে যে সকল প্রতিষ্টানের তালিকা আছে, সেখান থেকে বিস্তারিত খবর পাবেন)

## আপনি কি সাহায্য পেতে পারেন?

নাস আপনাকে থাকবার জন্য বাসস্থানের ব্যবস্থা করে দিয়ে এংব আপনাকে আর্থিক সাহায্য দিয়ে সহায়তা করতে পারে। তারা হয়ত আপনাকে কেবলমাত্র বাসস্থানের অথবা আর্থিক সহায়তা দিয়েও সাহায্য করতে পারে। যেমন, আপনি যদি আপনার পরিবারের কোন সদস্যের সঙ্গে অথবা বন্ধুর সঙ্গে বাস করতে পারেন, তাহলে আপনি কেবলমাত্র আর্থিক সহায়তার জন্য আবেদন করতে পারেন। আপনি যদি স্থানীয় কাউন্সিলে সাহায্যের জন্য আবেদন করেন তাহলে তারা আপনাকে কেবলমাত্র আর্থিক সহায়তা (অথবা কেবলমাত্র বাসস্থানের ব্যবস্থা করে দিয়ে) সাহায্য করতে পারে। আপনার যদি কোন সন্তান থেকে থাকে, তাহলে স্থানীয় কাউন্সিল আপনার দাবীকে অসাধারন বলে মেনে নেবে।

### বাসস্থান

আপনাকে যদি কোন অসাধারন বা অত্যাবশ্যক কারনে লন্ডনে বা এ দেশের দক্ষিনপূর্ব্ব অঞ্চলে বাস না করতে হয়, তাহলে আপনার জন্য এই অঞ্চলগুলির বাইরে বাসস্থানের ব্যবস্থা করা হবে। নাসের পদ্ধতি হল এ্যাসাইলাম সিকারদের প্রয়োজনগুলি যদি কতকগুলি বিশেষ মানের হয়, তাহলে তাদেরকে লন্ডল এবং দেশের দক্ষিনপূর্ব্ব অঞ্চলের বাইরে না পাঠানো। যেমন, যাদের একটি সন্তান এক বৎসর ধরে একটি স্কুলে যাচ্ছে এবং মেডিকেল ফাউন্ডেশন অত্যাচারে নিপীড়িত ব্যক্তিদের যত্ন নেওয়ার জন্য চিকিৎসা করছেন, এরা তার মধ্যে পড়েন। তবে প্রত্যেক আবেদন পত্র, তাদের অবস্থা অনুযায়ী আলাদা আলাদা ভাবে বিচার করা হবে। যদি কোন কারনে আপনার কোন একটা বিশেষ এলাকায় বসবাস করার প্রয়োজন হয়, তাহলে নাসের(NASS) কাছে (অথবা যদি স্থানীয় কাউন্সিলের কাছে আবেদন করে থাকেন) তাদেরকে সেই সম্বন্ধে বিস্তারিতভাবে সাহায্যকারী তথ্য সরবরাহ করার দায়িত্ব হল আপনার। আবেদন করার স ময় আপনি যদি কোন বিশেষ সাহায্যকারী সংস্থা বা উকিলের কাছ থেকে সাহায্য নিতে পারেন, তাহলে বিশেষ কোন এলাকায় থাকবার সম্ভাবনা অনেক বাড়বে।

## বসবাস করার জন্য অত্যাবশ্যক সাহায্য

**আপনি যদি নাসের (NASS) কাছ থেকে সাহায্য পেয়ে থাকেন,** তাহলে আপনাকে আর্থিক সাহায্য দেওয়া হবে। তবে আপনি যেখানে বাস করেন, সেই বাসস্থানের সঙ্গে যদি কোন খাবার দেওয়া হয় তাহলে আপনাকে আর্থিক পরিমান কম দেওয়া হবে। নাস(NASS) যদি আপনাকে ছয় মাস ধরে সাহায্য করে চালিয়ে যায়, তাহলে আপনি আপনার পরিবারে প্রত্যেক সদস্যের জন্য ৫০ পাউন্ড করে দাবী করতে পারেন। আপনি যদি সন্তান সম্ভবা হন তাহলে সেটা নাসকে(NASS) জানানো উচিৎ। আপনি যখন প্রমাণ করতে পারবেন যে আপনি সন্তান সম্ভবা, নাস(NASS) তখন আপনাকে সাপ্তাহিক অর্থের পরিমান বাড়িয়ে দেবে। আপনার সন্তানের যদি এক মাসের মধ্যে জন্ম হওয়ার কথা অথবা দুই সপ্তাহ আগে জন্ম হয়েছে (অথবা তিন মাস আগে এই দেশের বাইরে জন্ম হয়েছে এবং আপনার কাছে তার প্রমান আছে) তাহলে আপনি ৩০০ পাউন্ড মেটারনিটি পেমেন্টের (maternity payment) দাবী করতে পারবেন। এই আর্থিক পরিমান আপনাকে এমনি দেওয়া হবে না, এটা পাবার জন্য আপনাকে নাসের(NASS) কাছে লিখিতভাবে দাবী জানাতে হবে।

**আপনি যদি স্থানীয় কাউন্সিলের কাছ থেকে সাহায্য পেয়ে থাকেন,** তাহলে সেই সাহায্য আপনাকে বিভিন্ন ভাবে দেওয়া হতে পারে। এর ভিতর থাকতে পারে আর্থিক পরিমান এবং ভাউচার। স্থানীয় কাউন্সিল ঠিক করে আপনাকে কি ভাবে দেওয়া হবে।

## এই সাহায্য পাওয়া কখন বন্ধ হয়ে যাবে

যখন আপনার এ্যাসাইলামের আবেদন অথবা আপীলের(যদি করে থাকেন) সম্বন্ধে সিদ্ধান্ত নেওয়া হবে, সেই সিদ্ধান্ত যদি আপনার বিরুদ্ধে যায় তাহলে ২১ দিন পর, অথবা যদি আবেদন/আপীল সফল হয় তাহলে ২৮ দিন পর এই সাহায্য দেওয়া বন্ধ করে দেওয়া হবে। তবে আপনার উপর যদি কোন নির্ভরশীল সন্তান থাকে এবং আপনি তার জন্য সাহায্য পাচ্ছেন, তাহলে যতদিন পর্য্যন্ত আপনারা ইউ কে তে থাকবেন এবং আপনার সন্তানের ১৮ বৎসরের নীচে বয়স থাকবে, ততদিন পর্য্যন্ত এই সাহায্য চলতে থাকবে।

অন্যথায় আপনার এ্যাসাইলামের আবেদন অথবা আপীল যদি নাচক হয়ে যায়, তাহলে আপনি হয়ত নাসের(NASS) দ্বারা পরিচালিত মর্জিমাফিক (discretionary) “কঠিন অবস্থার(Hard Cases)” তহবিল থেকে থাকা খাওয়ার সাহায্যের জন্য আবেদন করতে পারেন। এই আবেদন করার জন্য সাহায্য নিন।

আপনাকে যদি রেফিউজি হিসাবে এদেশে অনির্দ্দিষ্টভাবে থাকবার অধিকার (Indefinite Leave to Remain), অসাধারনভাবে থাকবার অধিকার (Exceptional Leave to Remain), মানবিকতার রক্ষা (Humanitarian Protection) অথবা মর্জিমাফিক থাকার অধিকার (Discretionary Leave) দেওয়া হয়, তাহলে স্থানীয় কাউন্সিল থেকে বাড়ীর এবং বেনিফিট জন্য আবেদন করার অধিকার আপনার থাকবে। এই আবেদন করতে দেরী করবেন না। আপনাকে যদি রেফিউজি হিসাবে অনির্দ্দিষ্ট থাকবার অধিকার (Indefinite Leave to Remain) দেওয়া হয়

তাহলে  আপনি হয়ত (হোম অফিসের সিদ্ধান্তের চিঠি পাওয়ার ২৮ দিনের মধ্যে) আগের বেনিফিটের জন্যও আবেদন করতে পারেন।

আপনাকে যখন সাহায্য দেওয়া আরম্ভ করা হয়েছে, তখন আপনাকে  লিখিতভাবে যে সর্তগুলি মানতে বলা হয়েছিল, আপনি যদি সেগুলি মেনে চলতে অসমর্থ হন, তাহলে এই সাহায্য হয়ত আগেই বন্ধ করে দেওয়া হতে পারে।

## সিদ্ধান্তে আপত্তি (challenging) করা

আপনাকে যদি এসাইলামের সাহায্য বন্ধ করে দেওয়া হয়, তাহলে অবিলম্বে উপদেশ নিন।  নাস(NASS) আপনাকে যে সাহায্য দিতে অস্কীকার করেছে বা সাহায্য দেওয়া বন্ধ করে দিয়েছে তার বিরুদ্ধে হয়ত আপনার আপীল করবার অধিকার থাকতে পারে।  সাহায্য বন্ধের সিদ্ধান্ত পাওয়ার দুই দিনের মধ্যে আপনাকে আপীল  করতে হবে, কিন্তু আপনি যদি দেখাতে পারেন যে কোন সঙ্গত কারনে আপনার আপীল করতে দেরী হয়েছে এবং এর উপর আপনার কোন হাত ছিল না, তাহলে এই সময়সীমা বাড়ানো হতে পারে।  (আপনি যদি এসাইলামের আবেদন ইউ কে তে এসে পৌছানোর পর সঙ্গতভাবে যত তাড়াতাড়ি করা সম্ভব ছিল, আপনি সেটা করেননি এবং সেই কারনে সাহায্য দিতে অস্বীকার করা হয়েছে, তাহলে আপনি তার বিরুদ্ধে আপীল করতে পারেবেন না।

### অন্যান্য জায়গা থেকে সাহায্য পাওয়া

আপনার যদি কোন বিশেষ রকমের প্রয়োজন থাকে তাহলে আপনার স্থানীয় কাউন্সিল থেকে বাসস্থান এবং অন্যান্য সাহায্য পাওয়ার যোগ্যতা থাকতে পারে।  যেমন: আপনি কেবলমাত্র পরিত্যক্ত(destitute)  বলেই সাহায্যের প্রয়োজন নয় আপনি পঙ্গু, আপনার স্বাস্থ্য ভাল না অথবা আপনি একজন বয়স্ক ব্যক্তি। তাজলে ন্যাশনাল এসিসটেন্স আইন {National Assistance Act (NAA)} অথবা অন্যান্য কমিউনিটি কেয়ার আইন (community care legislation) অনুসারে আপনি বাসস্থান এবং অন্যান্য সাহায্য পেতে পারেন।

আপনার বয়স যদি ১৮ বৎসরের কম হয় অথবা আপনার ১৮ বৎসরের কম বয়সের একটি সন্তান আছে এবং আপনার এ্যাসাইলামের সাহায্য পাওয়ার অধিকার নেই তাহলে আপনি হয়ত চিল্ডরেন আইন (Children Act) অনুসারে সাহায্য পেরে পারেন।

যদি এই দুইটির কোনটাই যদি আপনার ক্ষেত্রেপ্রযোজ্য না হয় তাহলে আপনি বিশেষজ্ঞের কাছ থেকে উপদেশ নিন।

**দয়া করে মনে রাখবেন** এই পত্রে আইনের অথবা আপনার অধিকারের বিস্তারিত তথ্য দেওয়ার চেষ্টা করা হয় নি। আপনার নিজের অবস্থার ব্যাপারে বিস্তারিত উপদেশের জন্য আপনার একজন বিশেষজ্ঞ উপদেশদাতা বা উকিলের সঙ্গে যোগাযোগ করা উচিৎ ।

**আরও বিস্তারিত তথ্যের জন্য রোপ (ROAP) পার্টনারশীপের সংস্থাগুলির সঙ্গে যোগাযোগ করুন**

**এসাইলামের আবেদনের পদ্ধতি এবং উপদেশের জন্য নীচের সংস্থাগুলির সঙ্গে যোগাযোগ করুন:**

এসাইলাম এইড

২৮ কমার্শিয়াল স্ট্রীট, লন্ডন ই১ ৬এল এস

টিলিফোন: ০২০ ৭৩৭৭ ৫১২৩

ফ্যাক্স: ০২০ ৭২৪৭ ৭৭৮৯

**ওয়েলফেয়ার বেনিফিটগুলির এবং এ্যাসাইলামের সহায়তার ব্যাপারে উপদেশের জন্য নীচের সংস্থার সঙ্গে যোগাযোগ করুন:**

সেন্ট্রাল লন্ডন এডভাইস সার্ভিস (CLAS )

ডেরী হাউস, পেনফোল্ড স্ট্রীট, লন্ডন এন ডব্লু ৮ ৮এইচ জে

টেলিফোন: ০২০ ৭৪০২ ৬৭৫০ এক্সটেনশন ২৩

ফ্যাক্স: ০২০ ৭২২৪ ৮২৬৪

**বয়স্কদের শিক্ষা, ট্রেইনিং এবং চাকরীর/কাজের চুক্তির ব্যাপারে উপদেশের জন্য নীচের সংস্থার সঙ্গে যোগাযোগ করুন:**

রেফিউজি এডুকেশন এবং ট্রেইনিং এডভাইসরি সার্ভিস (RETAS)

১৪ ডাফারিন স্ট্রীট, লন্ডন ইসি১ওয়াই ৮পিডি

টেলিফোন: ০২০ ৭৪২৬ ৫৮৩৭/৫৮১৭

ফ্যাক্স: ০২০ ৭২৫১ ১৩১৪

২০০৩ সালের মে মাসে প্রকাশিত